ঝিনাইদহে টিসিবির পণ্য বিক্রয়ের শুভ উদ্বোধন

ঝিনাইদহে মে মাসের ভর্তুকি মূল্যে খাদ্যপণ্য বিক্রয় শুরু করেছে বাণিজ্য মন্ত্রণালয়ের অধীন ট্রেডিং করপোরেশন অব-বাংলাদেশ (টিসিবি)।

আজ মঙ্গলবার (১৪ মে) সকালে ঝিনাইদহ প্রেসক্লাবের সামনে এ কার্যক্রমের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, টিসিবি’র সহকারী পরিচালক আতিকুর রহমান, ঝিনাইদহ প্রেসক্লাবের সাধারণ সম্পাদক ফয়সাল আহমেদ, পৌর কাউন্সিলর আবু বক্করসহ অন্যান্যরা উপস্থিত ছিলেন।

সংশ্লিষ্টরা জানায়, এবারও ঝিনাইদহ জেলার ৬ উপজেলায় ১০১ জন ডিলারের মাধ্যমে ১ লাখ ২০ হাজার ১’শ ৩৩ জন ফ্যামিলি কার্ডধারী নিম্ন আয়ের পরিবারের মাঝে এসব পণ্য বিক্রি করা হবে। প্রতিটি ফ্যামিলি কার্ডে ৪’শ ৭০ টাকায় ২ কেজি মসুরের ডাল, ২ লিটার সয়াবিন তেল ও ৫ কেজি চাউল মিলবে।

ঝিনাইদহে সামাজিক দ্বন্দের জেরে বাড়ি ঘরে হামলা-ভাংচুর, আহত-১

ঝিনাইদহ পৌর এলাকার পবহাটি গ্রামে সামাজিক দ্বন্দের জেরে প্রতিপক্ষের হামলায় বাড়িঘর ভাংচুর, লুটপাট করা হয়েছে। এসময় রইচ আলী লস্কর নামের এক ব্যক্তিকে কুপিয়ে গুরুতর জখম করা হয়েছে। গত শুক্রবার রাতে পবহাটি বেলতলা এলাকায় এ ঘটনা ঘটে।

এ ঘটনায় আহত রইচ আলী লস্করের চাচা শরিফুল ইসলাম বাদী হয়ে পবহাটি

গ্রামের আলতাফ হোসেন ফরিদ, কেরামত লস্কার, শামিম হোসেন, রাহাদ হোসেনসহ ১৬ জনের নাম উল্লেখ করে আরও অজ্ঞাত ৭/৮ জনের বিরুদ্ধে ঝিনাইদহ সদর থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করেছে। সরেজমিনে দেখা যায়, তিনটি বাড়িতে ভাংচুর, টাকা পয়সা লুটপাট ও সন্ত্রাসী তান্ডব চালিয়েছে।

স্থানীয়রা জানায়, ওই এলাকার মানুষ দুইটি সমাজে বিভক্ত। আর এই তুচ্ছ ঘটনাকে কেন্দ্র করে সামাজিক দ্বন্দের কারণে এই হামলার ঘটনা ঘটেছে।

উল্লেখ্য, আলতাফ হোসেন ফরিদ আদালতে চাকুরি করার কারণে সে দিন দিন আরও বেপরোয়া হয়ে উঠেছে। তার নেতৃত্বে গ্রামে অপকর্ম দিনদিন বৃদ্ধি পাচ্ছে। তাকে এলাকাবাসী দ্রুত আইনের আওতায় এনে শাস্তির দাবী জানিয়েছেন।

আরও জানা যায়, স্থানীয় একটি চায়ের দোকানে ঘটনার আগের দিন রাতে দুইশত টাকার মতো বাকি খাওয়া এবং পরদিন সেই টাকা চাওয়াকে কেন্দ্র করে কথা কাটাকাটির এক পর্যায়ে দুই গ্রুপের মধ্যে সংঘর্ষ শুরু হয়। এ ঘটনায় ক্ষতিগ্রস্থ ভুক্তভোগীরা সঠিক তদন্ত ও সুবিচারের আশায় প্রশাসনের আশু হস্তক্ষেপ কামনা করেছেন।

সদর থানার অফিসার ইনচার্জ (ওসি) শাহীন উদ্দিন জানান, শহরের পৌর এলাকার পবহাটি গ্রামে মারামারির ঘটনা ঘটেছে। এ ঘটনায় একটি লিখিত অভিযোগ পেয়েছি। তদন্ত স্বাপেক্ষে দোষীদের বিরুদ্ধে আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

ঝিনাইদহে এসএসসি পরীক্ষায় পাস না করাই ছাত্রী আত্মহনন

ঝিনাইদহে এসএসসি পরীক্ষায় অকৃতকার্য হয়ে গলায় ফাঁস নিয়ে আত্মহত্যা করেছে নুপুর খাতুন (১৫) নামের এক শিক্ষার্থী।

গতকাল রবিবার সকাল সাড়ে দশটার দিকে হরিণাকুণ্ডু উপজেলার সাবেক

বিন্নি গ্রামে এ ঘটনা ঘটে। নুপুর ওই গ্রামের আসাদুল ইসলাম মণ্ডলের মেয়ে। পার্শ্ববর্তী দুর্লভপুর মাধ্যমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ছিলো মেয়েটি।

স্থানীয় ইউপি সদস্য শামীম হোসেন ঘটনার সত্যতা নিশ্চিত করে জানান, গতকাল রবিবার এসএসসি পরীক্ষার ফলাফল প্রকাশের পর নুপুর অনলাইনে তাঁর ফলাফল দেখে হতাশ হয় এবং ঘরে গিয়ে গলায় ওড়না পেঁচিয়ে আত্মহত্যা করে।

দুর্লভপুর মাধ্যমিক বিদ্যালয়ের প্রধান শিক্ষক আলতাফ হোসেন পিন্টু জানান, মেয়েটি অনেক শান্ত স্বভাবের ছিল। এ ভাবে সে আত্মহত্যা করবে তা ভাবতেও পারিনি।

এ ব্যাপারে হরিণাকুণ্ডু থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা(ওসি) জিয়াউর রহমান জানান, এসএসসি পরীক্ষায় ফেল করে এক ছাত্রীর আত্মহননের খবর শুনেছি। ঘটনাস্থলে পুলিশ পাঠানো হয়েছে পরে বিস্তারিত জানাতে পারবো।

ঝিনাইদহে বেড়েই চলেছে প্রসূতি মৃত্যুর ঘটনা

ঝিনাইদহের বেসরকারি হাসপাতাল-ক্লিনিকগুলোতে প্রসূতি মৃত্যুর হার বেড়েই চলেছে। গত দেড়মাসে ৭ জন প্রসূতির মৃত্যুর ঘটনা ঘটেছে। অদক্ষ চিকিৎসক ও পর্যাপ্ত যন্ত্রপাতির অভাব থাকায় বাড়ছে এমন অস্বাভাবিক মৃত্যুর ঘটনা।

জেলা সিভিল সার্জন অফিস সূত্রে বলা হয়েছে, ঝিনাইদহ শহরের শামীমা ক্লিনিকে দুজন, হাসান ক্লিনিকে একজন, আরাপপুর রাবেয়া হাসপাতালে একজন, হামদহ প্রিন্স হাসপাতালে একজন, তাছলিম ক্লিনিকে একজন ও কালীগঞ্জের দারুস শেফা ক্লিনিকে একজন প্রসূতি মারা গেছেন।

গত ২৬ মার্চ শৈলকূপা উপজেলার মির্জাপুর গ্রামের শারমিন বেগম নামের এক প্রসূতি ঝিনাইদহ শহরের আরাপপুর এলাকার রাবেয়া হাসপাতালে

৭ মে ঝিনাইদহ শহরের তাছলিম ক্নিনিকে সিজারের পর নাসরিন খাতুন নামে এক প্রসূতির মৃত্যু হয়।

চলমান পরিস্থিতি ভয়াবহ উল্লেখ করে সিভিল সার্জন শুভ্রা রানী দেবনাথ বলেন, সিজার করার সময় যেসব ওষুধ কিংবা স্যালাইন ব্যবহার করা হয় সেগুলো ভেজাল বা নকল- কোনো কোনো ডাক্তারের এমন দাবির পরিপ্রেক্ষিতে স্যালাইনসহ ওষুধের নমুনা সংগ্রহ করে ওষুধ প্রশাসনের কাছে পরীক্ষার জন্য পাঠানো হয়েছে। পরীক্ষা-নিরীক্ষার ফল এখনো পাওয়া যায়নি।

তবে সিভিল সার্জন দাবি করেন, ক্লিনিকগুলোতে অপারেশনের মান নিয়ন্ত্রণ করা হচ্ছে না। যে কারণে মৃত্যুর হার বাড়ছে। সংশ্লিষ্ট বিশেষজ্ঞ চিকিৎসক ও সার্জনদের সিজার করার সময় সতর্ক থাকতে বলা হয়েছে। পোস্টঅপারেটিভ কেয়ার ছাড়া অপারেশন করা যাবে না বলেও ক্লিনিক মালিকদের কঠোর বার্তা দেওয়া হয়েছে।

তিনি আরো বলেন, এ বিষয়ে জেলা প্রশাসন, পুলিশ প্রশাসনকে সঙ্গে নিয়ে মানহীন ক্লিনিক ডায়াগনস্টিক সেন্টারগুলোর বিরুদ্ধে শীঘ্রই অভিযান পরিচালনা করা হবে। ঝিনাইদহ জেলায় বেসরকারি ক্লিনিক-ডায়াগনস্টিক সেন্টার রয়েছে ১৮০টি।

ঝিনাইদহে উপজেলা নির্বাচনে ভোটের ফলাফল কারচুপির প্রতিবাদে সংবাদ সম্মেলন

ঝিনাইদহ সদরে প্রথম ধাপে উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থীর তালা মার্কা প্রতীকের ত্রুটিপূর্ণ ফলাফল ও গেজেট স্থগিত রেখে পূনঃরায় ফলাফল প্রকাশের দাবিতে সংবাদ সম্মেলন অনুষ্ঠিত হয়েছে।

আজ শনিবার দুপুরে ঝিনাইদহ প্রেসক্লাবের মিলনাতায়নে এ সংবাদ সম্মেলনের আয়োজন করে ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী আব্দুল্লাহ

ইবনে আব্বাস।

এতে উপস্থিত ছিলেন, সাবেক কমিশনার জাহিদুল ইসলাম, জেলা ছাত্রলীগের সাবেক সাংগঠনিক সম্পাদক মিলন হোসেন, ইউপি সদস্য বদরুল হাসান, পৌর আওয়ামী লীগ নেতা শেখ সেলিমসহ ভাইস চেয়ারম্যান পদপ্রার্থী আব্দুল্লাহ ইবনে আব্বাসের কর্মী সমর্থকরা।

সংবাদ সম্মেলনে লিখিত বক্তব্যে আব্দুল্লাহ ইবনে আব্বাস অভিযোগ করে বলেন, গত ৮ মে প্রথম ধাপে সদর ও কালীগঞ্জ উপজেলা পরিষদের নির্বাচন অনুষ্ঠিত হয়েছে। এর মধ্যে সদর উপজেলা পরিষদ নির্বাচনে ভাইস চেয়ারম্যান পদে ৭ জন প্রার্থী প্রতিদ্বন্দীতা করেছেন। কিন্তু এই পদে জেলা ও সহকারী রিটানিং কর্মকর্তা বে-সরকারীভাবে যে ফলাফল প্রকাশ করেছে তা ত্রুটিপূর্ণ ও গরমিল ছিল। এছাড়া সুরাট ও ঘোড়শাল ইউনিয়নে আমার পোলিং এজেন্ট বের করে দেওয়া হয়েছে সেই ভোট কেন্দ্রের ফলাফল রাত ১১ টার পরে প্রকাশ করা হয়ছে।

উল্লেখ্য উপজেলা পরিষদ নির্বাচনে সর্বমোট ভোট পোল হয়েছে ১লাখ ৫হাজার ৫’শ ৫৮ ভোট। কিন্তু সকল প্রার্থীর বৈধ ও অবৈধ ভোট যোগ করে দেখা যায় পোলকৃত ভোটের থেকে ৩ হাজার ৩’শ ৯৮ ভোট বেশি হয়ে তা দাড়িয়েছে ১ লাখ ৮ হাজার ৯’শ ৬ ভোটে।

এতে জেলা ও সহকারী রিটানিং কর্মকর্তা অনিয়ম দুর্নীতি ও পক্ষপাতিত্ব করে নিকটতম প্রতিদ্বন্দী প্রার্থী এনামুল হককে বিজয়ী ঘোষনা করে। এমনকি নির্বাচন কর্মকর্তারা ৩টি রেজাল্ট শীট তৈরি করে তাতেও ফলাফলের ব্যাপক অসংগতি রয়েছে।

এমন অনিয়মে নির্বাচনী সংশ্লিষ্ট কর্মকর্তাদের বিরুদ্ধে তদন্ত করে ব্যবস্থা গ্রহনের দাবি জানিয়েছে পরাজিত প্রার্থী আব্দুল্লাহ ইবনে আব্বাস।

সংবাদ সম্মেলন শেষে প্রার্থীর সমর্থকরা প্রেসক্লাবের সামনে অবৈধ ফলাফল বাতিল ও গেজেট স্থগিতের দাবিতে বিক্ষোভ মিছিল করে।

এ বিষয়ে ঝিনাইদহ সদর উপজেলা নির্বাচন অফিসার ও সহকারী রিটানিং কর্মকর্তা কামরুজ্জামান বলেন, রেজাল্ট শীটে ভুল হতেই পারে সেটা আমরা পরে সংশোধন করেছি। তবে ফলাফল ঘোষনা সঠিক আছে। প্রার্থীর কোন অভিযোগ থাকলে নির্বাচনী ট্রাইবুনালে মামলা দিতে পারে।

ভোট গণনার অনিয়মের বিষয়ে রির্টানিং অফিসার ঝিনাইদহ জেলা

নির্বাচন কমিশনার মোখলেছুর রহমান বলেন, নির্বাচনের ফলাফল তথ্যগত শীটে ভুল ছিল এটা আমরা পরে সংশোধন করেছি। তবে তিনবার রেজাল্ট পরিবর্তনের বিষয়ে তিনি জানান, একমাস অফিসাররা কাজ করছে কিছু টেকনিক্যাল ভুল হতে পারে।

ঝিনাইদহ সদরে মাসুম ও কালীগঞ্জে শিবলী নোমানী চেয়ারম্যান নির্বাচিত

ঝিনাইদহ সদর উপজেলা পরিষদ নির্বাচনে মিজানুর রহমান মাসুম বিজয়ী হয়েছেন। তিনি ৩৫৫৩৮ ভোট পেয়ে বেসরকারী ভাবে নির্বাচিত হন। তার নিকটমতম প্রতিদ্বন্দ্বি জে এম রশিদুল আলম পেয়েছেন ৩০৭৫৫ ভোট। ৪৭৮৩ ভোট বেশি পেয়ে মিজানুর রহমান মাসুম জয়ী হন।

এছাড়া সদর উপজেলায় ভাইস চেয়ারম্যান পদে আব্দুল্লাহ ইবনে আব্বাস ও মহিলা ভাইস চেয়ারম্যান পদে বর্ষা খাতুন (হিজড়া) বেসরকারী ভাবে নির্বাচিত হয়েছেন।

এদিকে একইদিনের কালীগঞ্জ উপজেলা নির্বাচনে মোতিয়ার রহমান মতিকে পরাজিত করে বর্তমান ভাইস চেয়ারম্যান শিবলী নোমানী বেসরকারী ভাবে চেয়ারম্যান নির্বাচিত হয়েছে। এছাড়া কালীগঞ্জ উপজেলা ভাইস চেয়ারম্যান পদে শফিকুজ্জামান রাসেল এবং মহিলা ভাইস চেয়ারম্যান পদে শাহানাজ পারভিন বেসরকারী ভাবে নির্বাচিত হয়েছে। দুই উপজেলায় শান্তিপূর্ণভাবে ভোট গ্রহন অনুষ্ঠিত হয়েছে।

ঝিনাইদহে হিন্দু মহাজোটের উদ্যোগে পথচারীদের মাঝে শরবত বিতরণ

চলমান তীব্র দাবদাহে পিপাসার্ত মানুষের মাঝে (লেবু, ট্যাং, চিনি ও পুদিনা পাতা মিশ্রিত) শরবত বিতরণ করছে বাংলাদেশ হিন্দু মহাজোট ঝিনাইদহ জেলা শাখা।

শনিবার(৪ মে) ঝিনাইদহে প্রাণ কেন্দ্রে পায়রা চত্বরে, সুইট মোড়ে, মুজিব চত্ত্বর মোড়ে এই শরবত বিতরণ করেন।

এ সময় শ্রীপাদ ত্রিভঙ্গ মুকুন্দ দাস ব্রহ্মচারী অধ্যক্ষ শ্রী শ্রী রাধা মাধব মন্দির ইসকন বলেন, ঝিনাইদহ সহ সারা দেশে টানা তীব্র তাপপ্রবাহ বয়ে যাচ্ছে। এতে জনজীবনে একধরনের অস্বস্তি বিরাজ করছে। তাই আমরা তাদের একটু সহযোগিতায় শরবত বিতরনের উদ্যোগ নিয়েছি। তিনি আরো বলেন তীব্র গরম পরিস্থিতিতে আমাদের সবাইকে আশেপাশে শ্রমজীবী মানুষদের পাশে দাড়াতে হবে।

এ সময় উপস্থিত ছিলেন, বাংলাদেশ জাতীয় হিন্দু মহাজোট ঝিনাইদহ জেলা শাখা সহ-সভাপতি স্বপন কুমার বিশ্বাস, সাধারণ সম্পাদক শ্রীমান গোপাল চন্দ্র দাস , যুগ্ন সাধারন সম্পাদক শিবেন চন্দ্র লিটন, সাংগঠনিক সম্পাদক রাজকুমার বিশ্বাস, প্রচার সম্পাদক তাপস কুণ্ডু। আরো উপস্থিত ছিলেন ইসকন ঝিনাইদহ সদস্যবৃন্দ তরুণ কুমার মুন্সি, জয়ন্ত কুমার দাস, রাজু কৃষ্ণ দাস, প্রকাশ কৃষ্ণ দাস।

ঝিনাইদহে জেলা বিএমএর সাধারণ সম্পাদক ডাঃ রাশেদ আল মামুনকে

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

[redacted]

ঝিনাইদহে বোরো ধান কর্তন উৎসবের উদ্বোধন

ঝিনাইদহে সমলয় চাষাবাদের আওতায় উৎপাদিত বোরো ধান কর্তন উৎসের উদ্বোধন করা হয়েছে।

আজ মঙ্গলবার (৩০ এপ্রিল) সকালে সদর উপজেলার সাধুহাটি ইউনিয়নের ধর্মতলা গ্রামের মাঠে এ উৎসবের উদ্বোধন করেন জেলা প্রশাসক এস এম রফিকুল ইসলাম।

সেসময় জেলা কৃষি সম্প্রসারণ অধিদপ্তরের প্রশিক্ষণ অফিসার মোশাররফ হোসেন, সদর উপজেলা নির্বাহী কর্মকর্তা রাজিয়া আক্তার চৌধুরী, সদর উপজেলা কৃষি কর্মকর্তা নুর-এ নবী, অতিরিক্ত কৃষি অফিসার জুনাইদ হাবিব, কৃষি সম্প্রসারণ কর্মকর্তা মীর রাকিবুল ইসলামসহ স্থানীয় কৃষাণ-কৃষাণীরা উপস্থিত ছিলেন।

উদ্বোধন শেষে ওই এলাকায় সমলয় পদ্ধতিতে আবাদকৃত বোরো ধান কম্বাইন্ড হারভেস্টার মেশিনের মাধ্যমে কাটা শুরু হয়। অল্প সময় স্বল্প খরচে ধান কর্তন, মাড়াই ও বস্তাবন্দি করতে পেরে খুশি কৃষক। ৬ হাজার ৫’শ টাকায় এক একর জমির ধান ধরে তুলতে পারবে কৃষক।

কৃষি অফিস জানায়, এ বছর জেলার ৬ উপজেলায় ৮৯ হাজার ২’শ ৬ হেক্টর জমিতে বোরো ধানের আবাদ করা হয়েছে।

ঝিনাইদহে ডিবি পুলিশের অভিযানে অস্ত্রসহ গ্রেফতার ১

ঝিনাইদহের শৈলকুপা উপজেলার দুই নম্বর মির্জাপুর ইউনিয়নের পদমদি গ্রাম থেকে ডিবি পুলিশ অভিযান চালিয়ে একটি কালো রঙের দেশীয় তৈরি ওয়ান শুটার গান সহ পদমদি গ্রামের জহুরুল হকের ছেলে মিল্টন বিশ্বাস (৩১)কে গ্রেফতার করেছে। ডিবি পুলিশের এই অভিযানটি পরিচালনা করেন এসআই মিঠুন মন্ডল।

জেলা ডিবি পুলিশ সূত্রে জানা যায় যে আসামি মিল্টন বিশ্বাস একটি দেশীয় তৈরি আগ্নেয় অস্ত্র নিয়ে বিভিন্ন অপরাধমূলক কাজ করে বেড়াচ্ছে এবং সে বর্তমানে তার বাড়ির পাশে কলাবাগানের মধ্যে অবস্থান করছে।

তখন তাকে কলাবাগানের মধ্য থেকে গ্রেফতার করে তার স্বীকারোক্তিমূলক বয়ান অনুযায়ী অস্ত্রটি গোয়াল ঘরের মধ্য হতে উদ্ধার করা হয়। উদ্ধার করার পর আসামি মিঠুন মন্ডল এর বিরুদ্ধে অস্ত্র আইনে একটি মামলা করা হয়েছে।